দৈনিক বাংলা

তারিখ ৩০/৫/৭৯
পৃষ্ঠা ১ কলাম ৬

005

# মুলতবী প্রস্তাব নিয়ে তুমুল বিতন্ডা
# বিরোধী দলের ওয়াক আউট

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হওয়া সম্পর্কে একটি মুলতবী প্রস্তাব আলোচনার জন্য উত্থাপনের পর স্পীকার তা অবৈধ বলে রুলিং প্রদান করলে এর প্রতিবাদে আওয়ামী লীগ, মুসলিম লীগ, জাসদ, জনতা পার্টি, মোঃ ন্যাপ ও গণতান্ত্রিক আন্দোলনের সদস্যরা ওয়াক আউট করেন। আওয়ামী লীগ, মুসলিম লীগ ও (মো) ন্যাপ ব্যতীত অন্যরা কিছুক্ষণ পর পুনরায় হাউসে ফিরে আসেন।

মুলতবী প্রস্তাবটি উত্থাপন করেন আওয়ামী লীগ দলীয় সদস্য জনাব মোঃ আসাদুজ্জামান। ঘটনাটি বিচারাধীন বলে এই প্রস্তাবের আলোচনার বিরুদ্ধে প্রথমে মন্ত্রী জনাব আবদুল আলীম ও পরে সংসদ নেতা শাহ আজিজুর রহমান বৈধতার প্রশ্ন তুলে এ সম্পর্কে স্পীকারের রুলিং চান।

বৈধতার প্রশ্ন উত্থাপিত হওয়ার সঙ্গে সঙ্গে শুরু হয় আইনের লড়াই। উল্লিখিত প্রস্তাবটি সংসদে আলোচিত হলে আদালতের বিচার প্রভাবিত হবে কি-না, এই নিয়ে উভয় পক্ষের আইনজ্ঞ সদস্যরা তুমুল বিতর্কে অবতীর্ণ হন। আইনজীবী নন—এমন সদস্যদের এই বিতর্কে অংশ গ্রহণের তেমন সুযোগ ছিল না। একবার বি-এনপি দলীয় সদস্যরা বিরোধী দলের নেতা জনাব আসাদুজ্জামান খানের বক্তৃতায় বাধা দানের চেষ্টা করলে সংসদ নেতা শাহ আজিজ বলেন, আপনারা এখন বিরক্ত করবেন না। আইনের ব্যাখ্যা নিয়ে আমরা আলোচনা করছি।

উল্লেখ্য, সংসদের স্পীকার, সংসদ নেতা ও বিরোধী দলের নেতা সবাই খ্যাতনামা আইনজ্ঞ। এছাড়া জনাব আতাউর রহমান খানসহ সরকারী দল ও বিরোধী দলে আরও বেশ কয়েকজন বিশিষ্ট আইনজীবী সদস্য রয়েছেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## "আমাদের ভাষা বাংলা"

(স্টাফ রিপোর্টার)

আমাদের ভাষা 'বাংলাদেশী ভাষা' বলে সংসদ নেতা শাহ আজিজুর রহমান সোমবার সংসদে যে মন্তব্য করেছিলেন, গতকালের অধিবেশনে তিনি সে সম্পর্কে একটি ব্যাখ্যা দেন।

শাহ আজিজ বলেন, কথাটা মুখ ফসকে বেরিয়ে গিয়েছিলো। আমাদের ভাষা বাংলা। আমরা নাগরিক হিসেবে বাংলাদেশী।